বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

# বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের ১৭-০১-২০১৯ তারিখে অনুষ্ঠিত ৩২ তম সভার কার্যবিবরণী।

বাংলাদেশ কৃষি ব্যাংক প্রধান কার্যালয় ঢাকার নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ এর মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তার অফিস কক্ষে বিগত ১৭-০১ -২০১৯ তারিখ বিকাল ০৩.০০টায় বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন (আইসিসি) এর মনিটরিং ইউনিট, পরিপালন ইউনিট, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিম (আইসিটি) এর ৩২ তম সভা অনুষ্ঠিত হয়। সভায় আইসিসি এর সকল ইউনিট এর নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | ইউনিট পদবী |
|---|---|---|
| ০১। | মিসেস লুৎফুন নাহার নাজ,উপমহাব্যবস্থাপক<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সভাপতি<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০২। | জনাব পরেশ চন্দ্র সরকার, উপমহাব্যবস্থাপক<br>প্রত্যবেক্ষনওনিরীক্ষা বিভাগ- ২,বিকেবি,প্রকা, ঢাকা । | সভাপতি<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৩। | জনাব মোহাম্মদ আলী, উপমহাব্যবস্থাপক<br>প্রত্যবেক্ষনওনিরীক্ষা বিভাগ- ১,বিকেবি,প্রকা, ঢাকা । | সদস্য<br>নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট |
| ০৪। | জনাব সাহা শংকর প্রসাদ , সহকারী মহাব্যবস্থাপক<br>আইসিটি অপারেশন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৫। | জনাব আমিনুর রহমান, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। | সদস্য<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |
| ০৬। | জনাব সুজন চক্রবর্তী , মুখ্য কর্মকর্তা<br>আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৭। | কে এম হাসানুজ্জামান , কর্মকর্তা<br>প্রত্যবেক্ষনও নিরীক্ষা বিভাগ- ১,বিকেবি,প্রকা,ঢাকা । | সদস্য<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম |
| ০৮। | জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম , মুখ্য কর্মকর্তা<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা । | সদস্য সচিব<br>অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীম,<br>মনিটরিং ও পরিপালন ইউনিট |

০২। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন।বিগত ২০-১১-২০১৮ তারিখে ৩১ তম সভার কার্যবিবরণীর উপর গৃহীত সিদ্ধান্ত বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয় এবং সভায় বিগত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করেন বিকেবি, প্রধান কার্যালয় ঢাকার অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের মুখ্য কর্মকর্তা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টীমের সদস্য সচিব জনাব মোহাঃ তাওহীদুল ইসলাম।বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি এবং বিবিধ আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক) বিগত ২০/১১/১৮ তারিখে অনুষ্ঠিত ৩১ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার সিদ্ধান্ত অনুযায়ী বিকেবির বিভিন্ন শাখার ৪১ প্রদেয় খাত ও ১৩১ আদায় যোগ্য খাতের অসমন্বিত টাকার সমন্বয় করার বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ এ ২৮/১১/২০১৮ তারিখে ৫১১(১) নং পত্র প্রেরণ করা হয়। কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ এর পত্র নং ৫০৫ তারিখ ০৪/১২/২০১৮ মারফত বাংলাদেশ কৃষি ব্যাংক এর সকল শাখা ব্যবস্থাপক,মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয় সহ সকল কর্পোরেট শাখা এবং সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদের অসমন্বিত এন্ট্রি

সমন্বয় করার বিষয়ে পত্র প্রেরণ করা হয় ।এছাড়া আইসিটি অপারেশন বিভাগ হতে প্রাপ্ত তালিকা অনুযায়ী ৫০ টি শাখার ৪১ প্রদেয় ও ১৩১ আদায়যোগ্য খাতের অসমন্বিত টাকা সমন্বয়ের জন্য অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক শাখা ব্যবস্থাপকদের ব্যাখ্যা তলব করা হয় । উল্লেখিত ব্যাখ্যার জবাব পাওয়া গেছে ২৭ টি শাখা হতে। অবশিষ্ট শাখা সমূহকে ব্যাখ্যার জবাব প্রেরণের জন্য তাগিদ পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ইতিমধ্যে শাখা সমূহ হতে বিপুল পরিমাণ টাকা সমন্বয় হয়েছে মর্মে পত্র পাওয়া যাচ্ছে।এছাড়া বিপুল পরিমাণ টাকা ১৩১ এবং ৪১ খাতে অসমন্বিত থাকার বিষয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১ কে বিষয়টি মনিটরিং এবং টাকা সমন্বয়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ/ কেন্দ্রীয় হিসাব বিভাগ- ১)

খ) পর্ষদ ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ২১/০৩/২০১৮ তারিখের ১৪ তম এবং ২১/০৬/২০১৮ তারিখের ১৫ তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ ব্যাংকের নির্ধারিত চেকলিস্ট অনুযায়ী শাখা ব্যবস্থাপক নিজেই নিজের শাখা পরিদর্শন করে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করবেন। ৩১ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথ সভার "খ" সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় মুখ্য কার্যালয় সহ ৫ টি কর্পোরেট শাখাকে ১৩/১১/২০১৮ তারিখে ৪৪৫(৮) নং পত্র প্রেরণ করা হয়। স্থানীয় মুখ্য কার্যালয় সহ ৫ টি কর্পোরেট শাখা থেকে প্রতিবেদন নভেম্বর/২০১৮ মাস হতে পাওয়া যাচ্ছে।

ঘ)বাংলাদেশ কৃষি ব্যাংক এর মোট জনবল ৯২৪১ জন (সুত্রঃ এইচ আর এম ডি - ১, ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত) কিন্তু কেন্দ্রীয় হিসাব বিভাগ ২ থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী দেখা যায় যে, পি এফ হিসাব সচল আছে ২৩৩০৯ টি ।এত ব্যাপক সংখ্যক হিসাব কিভাবে সচল থাকে বিষয়টি উদ্বেগ জনক এবং অস্বাভাবিকও বটে । ২০/১১/১৮ তারিখে অনুষ্ঠিত ৩১ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "ঝ" সিদ্ধান্ত জানিয়ে কেন্দ্রীয় হিসাব বিভাগ- ২ এ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হতে ২৮/১১/২০১৮ তারিখে ৫১৪ নং পত্র প্রেরণ করা হয়। কেন্দ্রীয় হিসাব বিভাগ- ২ তাদের পত্র নং ১২৮৫ তারিখ ০৯/১২/২০১৮ মোতাবেক জানিয়েছেন " জুন/১৯৮৪ হতে জুন/২০১৮ পর্যন্ত ব্যাংকের সকল কর্মকর্তা কর্মচারীর ডাটা ভবিষ্যঃ তহবিল ডাটাবেজে সংরক্ষিত আছে যার সংখ্যা ২৩৩০৯ টি ।ডাটাবেজে সংরক্ষিত ডাটা হতে ব্যক্তিক রিপোর্ট হিসাব সংখ্যা জুন/২০১৮ পর্যন্ত ১৬৪০৯ টি । ব্যক্তিক রিপোর্ট এ কোন কর্মকর্তা/ কর্মচারীর ব্যলেন্স চূড়ান্ত নিষ্পত্তির কারনে শূন্য হয়ে গেলে স্বয়ংক্রিয় ভাবে পরের বছর ঐ সূচকটি আর রিপোর্টে থাকে না।২০১৭- ২০১৮ অর্থবছরে চূড়ান্ত নিষ্পত্তির কারনে ব্যালেন্স শূন্য হয়েছে ১০৫০টি যা আগামী বছর রিপোর্টে কমবে এবং নতুন নিয়োগপ্রাপ্ত হলে বাড়বে। " কেন্দ্রীয় হিসাব বিভাগ এর পত্রের জবাব টি সুস্পষ্ট নয় বিধায় বিষয়টি আরও স্পষ্ট করে জানানোর জন্য পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃকেন্দ্রীয় হিসাব বিভাগ- ২ )

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের সদস্য জনাব মোঃ দুলাল মিয়া , সহকারী মহাব্যবস্থাপক, আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ হতে পদন্নোতি প্রাপ্ত হয়ে স্থানীয় মুখ্য কার্যালয়ে বদলী হওয়ায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের নতুন সদস্য পদায়নের বিষয়ে ২০/১১/১৮ তারিখে অনুষ্ঠিত ৩১ তম অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালনের যৌথসভার "ঞ" সিদ্ধান্ত জানিয়ে আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ এ ২৮/১১/২০১৮ তারিখে ৫১৫ নং পত্র প্রেরণ করা হয়। আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ এর সহকারী মহাব্যবস্থাপক জনাব মোঃ মোস্তাফিজুর রহমান মৌখিক ভাবে জানিয়েছেন তাদের জনবল সংকটের কারনে বর্তমানে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দলে অন্তর্ভুক্ত করার মতো কর্মকর্তা আন্তর্জাতিক বাণিজ্য বিভাগে নাই।নতুন কর্মকর্তা পদায়নের জন্য চেষ্টা চলছে। নতুন কর্মকর্তা পদায়ন হলে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমে অন্তর্ভুক্ত করা হবে। পুনরায় পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। (কার্যকরণঃআন্তর্জাতিক বিভাগ ( বাণিজ্য) )

চ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ১২/০৩/২০১৮ তারিখের প্রকা/অনিবি- ৪৮/২০১/- ২০১৮/৯৪৬ নং পত্রের মাধ্যমে ত্রৈমাসিক অপারেশন রিপোর্ট ( quaterly Operation Report) পূর্বের ১৬ অনুচ্ছেদের পরিবর্তে ২৪ অনুচ্ছেদে পরিবর্তিত ফরমেট অনুযায়ী প্রেরণ করার জন্য স্থানীয় মুখ্য কার্যালয় সহ সকল কর্পোরেট শাখা ও মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়কে অনুরোধ করা হয়। একই বিষয়ে পূর্বের ফরমেটেই প্রতিবেদন প্রেরণ অব্যাহত থাকায় পুনরায় ০৬/০১/২০১৯ তারিখে ৬১২ নং পত্রের মাধ্যমে সকল কার্যালয়কে নির্দেশনা প্রদান করা হয়। তথাপি দেখা যাচ্ছে মার্চ/ ২০১৮ ত্রৈমাসিক থেকে নতুন ফরমেট প্রবর্তিত হওয়ার পরও অদ্যাবধি সকল অঞ্চল হতে নতুন ২৪ অনুচ্ছেদে প্রতিবেদন পাওয়া যাচ্ছে না সে কারনে ১০/০১/২০১৯ তারিখের ৬৪৮ নং পত্রের মাধ্যমে সকল বিভাগীয় ও আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাদের শাখার ত্রৈমাসিক অপারেশন প্রতিবেদন যাচাই এর পূর্বে ২৪ অনুচ্ছেদে প্রেরিত না হলে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ

বিভাগকে অবহিতকরনের জন্য অনুরোধ করা হয়েছে।পুরাতন ১৬ অনুচ্ছেদে প্রতিবেদন অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণ করা হলে উক্ত প্রতিবেদন শাখায় ফেরত পাঠানো হয় এবং পুনরায় নতুন ফরমেটে প্রতিবেদন সংগ্রহ পূর্বক যাচাই করার জন্য বিভাগীয় নিরীক্ষা / আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ে প্রেরণ করতে হয় যাতে করে কাল ক্ষেপণ হয় এবং যথাসময়ে পরিপালন কাজ সম্পাদনে ব্যাঘাত সৃষ্টি হয়। নতুন ফরমেটে প্রতিবেদন শাখা হতে মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অত্র বিভাগে প্রেরন নিশ্চিত করার জন্য সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক দেরকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ( কার্যকরণঃ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ)

ছ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ টিমের সভাপতি জনাব তরুণ কুমার কুণ্ডু (সহকারী মহাব্যবস্থাপক) গত ৩০/০৯/২০১৮ তারিখে পি আর এল এ গমন করায় অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ দল কর্তৃক আকস্মিক শাখা পরিদর্শনের কাজ বিগত অক্টোবর/২০১৮ মাস হতে বন্ধ আছে । ২৮/১১/২০১৮ তারিখে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ ৫১৬(০১) নং পত্রের মাধ্যমে সহকারী মহাব্যবস্থাপক পদায়ন করার জন্য হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২ কে অনুরোধ জানানোর প্রেক্ষিতে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট- ২, ১৭/০১/২০১৯ তারিখের ২২৯৮(১১) নং পত্র অনুযায়ী মিসেস জিনাত সাফিন ওয়াদুদ সহকারী মহাব্যবস্থাপক কে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে পদায়ন করা হয়েছে।

০৩।সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৭.০১.২০১৯

( সুধাংশু কুমার হালদার )
মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা।

---

নং/প্রকা/অনিবিঃপ্রশা- ৪৪/২০১৮- ২০১৯/ ৭০৮ (১০৬১) তারিখঃ২৭- ০১- ২০১৯খ্রীঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২. ষ্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়- ১/২, বিকেবি, প্রধান কার্যালয়,ঢাকা ।
০৩. ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪. উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ-১/ প্রত্যবেক্ষন ও নিরীক্ষা বিভাগ- ২ (সভাপতি, নিরীক্ষা ও পরিদর্শন ইউনিট, আইসিসি)/ আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস্ বিভাগকে অনুরোধ করা হলো।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা / মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক ব্যবস্থাপক / আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. সকল সদস্য, অভ্যন্তরীণ নিয়ন্ত্রন টিম(আইসিটি), অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৮. নথি/মহানথি

২৭/১/২০১৯

(লুৎফুন নাহার নার্জ )
উপ -মহাব্যবস্থাপক
অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ
এবং
সভাপতি
মনিটরিং ও পরিপালন ইউনিট
বিকেবি, প্রকা, ঢাকা।